

কে জানিত তুমি ডাকিবে আমারে, ছিলাম নিদ্রামগন ।
 সংসার মোরে মহামোহঘোরে ছিল সদা ঘিরে সঘন ।
 (ঘিরে ছিল, ঘিরেছিল হে আমায়-
 মোহঘোরে- মহামোহে ।)

আপনার হাতে দিবে যে বেদনা, ভাসাবে নয়নজলে,
 কে জানিত হবে আমার এমন শুভদিন শুভলগন ।
 (জানি নে, জানি নে হে, আমি স্বপনে-
 আমার এমন ভাগ্য হবে আমি জানি নে, জানি নে হে ।)
 জানি না কখন করুণা-অরুণ উঠিল উদয়াচলে,
 দেখিতে দেখিতে কিরণে পুরিল আমার হৃদয়গগন ।
 (আমার হৃদয়গগন পুরিল তোমার চরণকিরণে-
 তোমার করুণা-অরুণে ।)

তোমার অমৃতসাগর হইতে বন্যা আসিল কবে-
 হৃদয়ে বাহিরে যত বাঁধ ছিল কখন হইল ভগন ।
 (যত বাঁধ ছিল যেখানে, ভেঙে গেল, ভেসে গেল হে ।)
 সুবাতাস তুমি আপনি দিয়েছ, পরানে দিয়েছ আশা-
 আমার জীবনতরণী হইবে তোমার চরণে মগন ।
 (তোমার চরণে গিয়ে লাগিবে আমার জীবনতরণী-
 অভয়চরণে গিয়ে লাগিবে ।)

Parjaay: Puja, Taal: Dadra, Style: Desh-Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail